



## BLUEPRINT FOR ENGLISH LANGUAGE LEARNERS (ELLs) SUCCESS

ইংরেজী ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) সাফল্যের প্রতিচ্ছবি

নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের অধীন দ্বৈত ভাষার শিক্ষা ও বিদেশী ভাষা শিক্ষা বিভাগের (OBE-FLS) উদ্দেশ্য হলো সমগ্র নিউইয়র্ক স্টেটের ইংরেজী ভাষা শিক্ষার্থী সহ সকল শিক্ষার্থীদের সর্বোচ্চ পর্যায়ের ভাষাগত সাবলীলতা ও প্রাতিষ্ঠানিক সাফল্য নিশ্চিত করা। বহুবিধ ভাষার মাধ্যমে সকল শিক্ষার্থীর স্বতন্ত্র শিক্ষা ও সামাজিক-আবেগ জনিত প্রয়োজন পূরণের মাধ্যমে শিক্ষার্থীদের কলেজ ও পেশাগত প্রস্তুতির জন্য আমরা কঠোর পরিশ্রম করছি। নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ মনে করে সকল শিক্ষকই ইংরেজী ভাষা শিক্ষার্থীর শিক্ষক।

বিশ্বের অর্থনৈতিক পরিবর্তনের প্রেক্ষিতে নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ কমন কোর শিক্ষা পদ্ধতি গ্রহণ করেছে যার দ্বারা শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা একটা পরিষ্কার লক্ষ্য নিয়ে শিক্ষার্থীদের কলেজ ও পেশার জন্য প্রস্তুত করতে পারবে। গত দশক ধরে বর্ধিত সংখ্যক ইংরেজী ভাষা শিক্ষার্থী নিউইয়র্ক স্টেটের পাবলিক স্কুলে ভর্তি হয়েছে যার ফলে এখন ২১৪,৩৭৮ শিক্ষার্থী ১৬০টিরও বেশী ভাষায় কথা বলে। এইসব শিক্ষার্থীদের সফলতার জন্য নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের প্রয়োজন স্কুল গুলিকে যথাযথ ভাবে তৈরী করা, বাড়ীতে কথা বলার ভাষার মূল্যায়ণ করা ও উপকরণ সরবরাহ করা যার ফলে শিক্ষকগন রিগোরিয়াস স্ট্যান্ডার্ড শিক্ষা দিতে পারে। শিক্ষা কমিশনারের রেগুলেশন পার্ট নম্বর ১৫৪ OBE-FLS নিশ্চিত ধারণা করে যে, সমর্থন ছাড়া ইংরেজী ভাষা শিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক সফলতা আসতে পারে না।

নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের পি-১২ কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড দাবি করে যে, প্রত্যেক শিক্ষক ইএলএল সহ প্রাতিষ্ঠানিক শিক্ষা ও চ্যালেন্জিং বিষয় গুলি শিক্ষা দেয়ার জন্য প্রস্তুত থাকবে। সকল শিক্ষকের অবশ্যই দক্ষতা থাকতে হবে যে কি ভাবে ইএলএল ছাত্রদের সহায়তা করতে হয় যে তারা বিষয় ভিত্তিক জ্ঞান অর্জনের সাথে সাথে ইংরেজীতেও দক্ষতা অর্জন করতে পারে। এটা জরুরী যে সকল শিক্ষাবিদ প্রাতিষ্ঠানিক বিষয় নিয়ে কাজের মাধ্যমে কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড এর উচ্চ প্রত্যাশা পূরণ করবে।

নীচের নীতিগুলি সমগ্র স্টেটের কাঠামো হিসেবে সতর্কতার সাথে নির্ধারণ করা হয়েছে যাতে প্রশাসক, নীতি নির্ধারক এবং অংশ গ্রহন কারিরা ইংরেজী ভাষা শিক্ষার্থীদের প্রিকিভার গার্টেন থেকে কলেজ ও ক্যারিয়ারের সফলতা আনতে পারে। গাইডেন্স প্রদান, শিক্ষামূলক সম্পদ সমূহ, এবং ডিস্ট্রিক্ট, স্কুল এবং শিক্ষক ছাড়াও ভালোভাবে জ্ঞান অর্জনে উৎসাহ দান এবং দ্বৈত শিক্ষা, দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী ও বিদেশী ভাষা শিক্ষার উৎকর্ষতা দান করার জন্য এই নীতিগুলো গ্রহণ করা হয়েছে।



## BLUEPRINT FOR ENGLISH LANGUAGE LEARNERS (ELLS) SUCCESS

ইংরেজী ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) সাফল্যের প্রতিচিত্র

১. সকল শিক্ষকই ইংরেজী শিক্ষার শিক্ষার্থীদের শিক্ষক এবং তাদের যেভাবে প্রস্তুতি নিতে হবে:
  - ভাষাগত ও সাংস্কৃতিকভাবে সব শ্রেণীর শিক্ষার্থী ছাড়াও যাদের ইনডিভিজুয়ালাইজড এডুকেশনাল প্লান আছে সবার জন্য উপযুক্ত পাঠ তৈরী করা ও সে ভাবে পাঠদান করা।
  - ভাষা মঞ্চের মাধ্যমে ভাষার উন্নতি বিধানের জন্য সমন্বিত ভাষা ও বিষয়বস্তুগত পাঠ দান করা। দ্বৈত ভাষা, ইএসএল, এবং অন্যান্য বিষয়ের শিক্ষকগণ পরিকল্পিত ভাবে যোগাযোগের মাধ্যমে সকল বিষয়ের প্রাতিষ্ঠানিক উন্নতি বিধানের জন্য কাজ করবে।
  - ভাষার সাথে সামঞ্জস্যপূর্ণ, বয়স ও শ্রেণীর উপযুক্ত এবং কমন কোর লার্নিং পদ্ধতির সাথে সামঞ্জস্য পূর্ণ শিক্ষাউপকরণ ও শিক্ষামূলক সম্পদ ব্যবহার করা।
  - স্কুল সাপোর্ট পারসোনাল ও কমিউনিটি ভিত্তিক মানব সম্পদের সাথে সমন্বিত যোগাযোগ করে বহুবিধ ইএলএল প্রয়োজন মেটানো।
২. সকল স্কুল বোর্ড কর্মকর্তা এবং স্কুল ও ডিস্ট্রিক্ট লিডারগন একাডেমিক, ভাষাগত, সামাজিক, এবং ইএলএল এর আবেগিক প্রয়োজন নিশ্চিত করার জন্য:
  - শিক্ষার্থীদের সফলতার একটা পরিষ্কার ধারণা পরিবেশন করা, যার অমর্তভুক্ত থাকবে ইএলএল ছাত্রদের অর্জন এবং সামাজিক আবেগিক উন্নয়ন উদ্দেশ্যমূলক পরিকল্পনা দ্বারা সমর্থিত যা ক্যারিয়ার ও কলেজ উপযোগী বহুমুখি পথের সন্ধান দিবে এবং যা উচ্চমানের কর্মসূচী ও ইএলএল এর প্রয়োজন পূরণ করে।
  - ইএলএল এর জন্য উচ্চ মান সম্মত পাঠদান করা।
  - অর্থনীতি ও মানব সম্পদকে সারিবদ্ধ ভাবে সমন্বয় করা যার ফলে পাঠদান পরিকল্পনাকে ফলপ্রসূভাবে বাস্তবায়ন করা যায়।
  - শিক্ষাবিদদের পাঠদান পদ্ধতিকে উন্নত করার জন্য উচ্চমান সম্মত সাপোর্ট, ফিডব্যাক ও নির্দেশনা প্রদান করা।
  - নিরাপদ ও ইনক্লুসিভ শিক্ষা পরিবেশ তৈরী করা যা সব কালচারের শিক্ষার্থীদের সম্মান ও স্বীকৃতি দিবে।
  - উচ্চ প্রত্যাশার জন্য স্কুলের সংস্কৃতির ক্ষেত্রে ডিস্ট্রিক্ট ও স্কুল যে ইএলএলএর প্রয়োজন পূরণে প্রশিক্ষিত তা নিশ্চিত করা।
  - প্রতিবন্ধী শিক্ষার্থীদের আইপি ও বর্তমান পলিসি অনুযায়ী ইএলএল সেবা দেয়ার জন্য উচ্চ মাত্রায় সমর্থন ও সেবা দেয়া।



## BLUEPRINT FOR ENGLISH LANGUAGE LEARNERS (ELLS) SUCCESS

ইংরেজী ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) সাফল্যের প্রতিচিত্র

৩. ডিস্ট্রিক্ট এবং স্কুলগুলি সকল ইংরেজী ভাষা শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনার মাধ্যমে সম্পৃক্ত রাখে যা হলো শ্রেণী উপযুক্ততা, কঠোর অধ্যবসায় এবং কমন কোর ও পি-১২ কমন কোর শিক্ষার মান সংক্রান্ত নিউ ইয়র্ক স্টেট প্রি-কিডারগার্টেন ফাউন্ডেশন এর সাথে সামঞ্জস্যপূর্ণ-
- নির্দিষ্ট বিষয় ও ভাষার উদ্দেশ্য প্রকাশ করা
  - স্পষ্ট এবং অন্তর্নিহিত গবেষণা ভিত্তিক শব্দ ভান্ডার নির্দেশনা একীভূত করা
  - বিষয়বস্তু নিয়ে আলোচনা এবং সহকর্মীদের সাথে সমস্যা সমাধানের জন্য শিক্ষার্থীদের সুযোগ প্রদান করা
  - গবেষণা ভিত্তিক পদ্ধতির (যেমন মাল্টিমিডিয়া, ভিজুয়াল, গ্রাফিক আয়োজক, ইত্যাদি) কৌশলগত ব্যবহারের মাধ্যমে নির্দেশনাসমূহ একীভূত করা
  - প্রতিবন্ধীদের জন্য ইএলএল এর নির্দিষ্ট নির্দেশনার প্রয়োজন মেটাতে বিশেষ শিক্ষা সহায়তা, সেবা, আবাসন এবং নির্দিষ্টভাবে সাজানো নির্দেশনাসমূহ প্রদান করা
  - ইএলএল এর প্রারম্ভিক শিক্ষা চাহিদা মেটানোর জন্য উচ্চ মানের পাঠ্যক্রম ডিজাইন, নির্বাচন প্রয়োগ করা এবং কমন কোর সংক্রান্ত নিউ ইয়র্ক স্টেট প্রি-কিডারগার্টেন ফাউন্ডেশন কে সমর্থন করা,  
[http://www.p12.nysed.gov/ciai/common\\_core\\_standards/pdfdocs/nyslsprek.pdf](http://www.p12.nysed.gov/ciai/common_core_standards/pdfdocs/nyslsprek.pdf).
  - নিউ ইয়র্ক স্টেট দ্বৈত ভাষার কমন কোর প্রবেশন ব্যবহারের মাধ্যমে একাডেমিক ভাষা এবং বিষয়বস্তু সহায়তা করে কৌশলগতভাবে ইএলএল এর দিকে অগ্রসর এবং ভাষার উন্নয়নের ধারাবাহিকতা  
<http://www.engageny.org/resource/new-york-state-bilingual-common-core-initiative>
৪. ডিস্ট্রিক্ট এবং স্কুলগুলি দ্বৈত ভাষা এবং বাই লিটারেসীকে সম্পদ হিসাবে স্বীকৃতি দেয় এবং সকল শিক্ষার্থীকে হাই স্কুল ডিপ্লোমা অর্জনের মাধ্যমে সীল অব বাইলিটারেসী অর্জনের সুযোগ দেয় এবং সকল শিক্ষার্থীকে নিম্নোক্ত সুবিধাসমূহ দেয়ঃ
- ইংরেজী ও অন্যান্য ভাষার সাবলিলতা বৃদ্ধিতে সহায়তা করে এমন ভাষা শিক্ষা অথবা ভাষা সহায়ক কর্মসূচীতে অংশগ্রহণের সুযোগ দেয়া
  - ইংরেজী ও ইংরেজী ছাড়া অন্য ভাষা এবং শিক্ষার্থীর মাতৃভাষার প্রাতিষ্ঠানিক ভাষা এবং উপাদান জ্ঞান ব্যবহার এবং উন্নয়নের সুযোগ প্রদান
  - ইএলএল এর জন্য যথাযথ দ্বৈত ভাষার শিক্ষা কর্মসূচীর লক্ষ্য হল মাতৃভাষার উন্নয়ন এবং তা বজায় রাখা এবং ইংরেজী ভাষায়ও দক্ষতা অর্জন করা
  - ভাষার কম প্রয়োগের কারণে যে সকল ডিস্ট্রিক্ট-এ মাতৃভাষায় দ্বৈত ভাষার শিক্ষা কর্মসূচী নাই সে সকল শিক্ষার্থীদের জন্য বিকল্প পথের ব্যবস্থা করা



## BLUEPRINT FOR ENGLISH LANGUAGE LEARNERS (ELLS) SUCCESS

ইংরেজী ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) সাফল্যের প্রতিচিত্র

৫. ডিস্ট্রিক্ট ও স্কুল সকল ইএলএল অভিভাবক ও পরিবারকে মূল্যায়ন করে ও কার্যকরীভাবে তাদের ও তাদের সন্তানদের শিক্ষার সাথে সম্পৃক্ত করে
- অভিভাবকদের শিক্ষা সম্পদ দিয়ে সাহায্য করে যা তাদের সন্তানদের শিক্ষার ক্ষেত্রে বিজ্ঞ সিদ্ধান্ত নিতে সাহায্য করে
  - অভিভাবকরা যাতে তাদের বিভিন্ন ভাষাগত অধিকার ও কার্যক্রম সহজে বুঝতে পারে সে বিষয়ে তাদের সুনির্দিষ্ট তথ্য প্রদান করা।
  - অভিভাবকদের ইংরেজী ও তাদের হোম ল্যাংগুয়েজের মাধ্যমে প্রশিক্ষণ দেয়ার মাধ্যমে তাদের সন্তানদের শিক্ষা ও স্কুল বহির্ভূত কাজে সহায়তা করা।
  - অভিভাবকদের সক্রিয় অংশ গ্রহনকারী, অবদানকারি ও স্কুল কমিউনিটির সংযোজনকারি হিসেবে সম্পৃক্ত করা
  - স্কুল ইএলএল যে শিক্ষার্থীদের জন্য উচ্চ প্রত্যাশা নির্ধারণ করে ও সে প্রত্যাশা পূরণের জন্য পন্থা নির্ধারণ করে তা অভিভাবকদের সাথে শেয়ার করা।
  - ইমিগ্রান্ট ফ্যামিলিদের বহুবিধ ইএলএল প্রয়োজন পূরণের জন্য স্কুল সাপোর্ট পারসোনেল ও ইমিগ্রান্ট কমিউনিটির মাঝে সমন্বয় বিধান করা।
৬. ডিস্ট্রিক্ট ও স্কুল কমিউনিটি বাইলিংগুয়াল, ইএসএল, ইংরেজী ছাড়া অন্য ভাষার শিক্ষকদের প্রভাবিত করে এবং তাদের পেশাগত ক্যাপাসিটি বাড়ার ক্ষেত্রে সহায়তা করে।
- শিক্ষার ডিজাইন করা, সমন্বয় করা, ছাত্রদের কাজ মূল্যায়ন করা ও উন্নত মানের পাঠটিকা তৈরী করার ক্ষেত্রে শিক্ষকদের জন্য আন্তর্জাতিক শিক্ষা সুযোগ তৈরী করা
৭. ডিস্ট্রিক্ট ও স্কুল কমিটি হোম ল্যাংগুয়েজ, কালচারাল সম্পদ ও পূর্ববর্তী জ্ঞানকে যা দ্বারা প্রভাবিত করে:
- হোম ল্যাংগুয়েজকে শিক্ষা সম্পদ এবং তাকে পূর্ববর্তী জ্ঞানের সাথে নতুন জ্ঞানের যোগসূত্র হিসেবে ব্যবহার করা একইসাথে এটাও নিশ্চিত করা যে পাঠ্য বিষয় অর্থপূর্ণ ও সংকোচনশীল।
  - ডাইভারসিটিকে প্রমোট করার মাধ্যমে সকল ছাত্রদের এ্যক্টিকে (NYS initiative, effective July 2013), সম্মান জানানোর জন্য হোম ল্যাংগুয়েজ ও ইএলএল এর সংস্কৃতি ব্যবহার করা। <http://www.p12.nysed.gov/dignityact/>
  - অর্থপূর্ণ প্রফেশনাল ডেভেলপমেন্টে অংশ নেয়ার লক্ষ্যে সকল শিক্ষকের জন্য একটা বাস্তবভিত্তিক ও সহনীয় সুযোগ তৈরী করা যা বাড়ীর ভাষা ও নতুন ভাষার উন্নয়ন ছাড়াও ইএলএল এর প্রয়োজন পূরণের লক্ষ্যে কাজ করবে।
- ইংরেজী ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) সাফল্যের প্রতিচিত্র



### BLUEPRINT FOR ENGLISH LANGUAGE LEARNERS (ELLS) SUCCESS

c. ইএলএল এর প্রাতিষ্ঠানিক জ্ঞান পরিমাপ করা ছাড়াও নতুন ও বাড়ীতে প্রচলিত ভাষার উন্নয়নের জন্য ডিষ্ট্রিক্ট ও স্কুল ডায়াগনোসিস টুল এবং আনুষ্ঠানিক মূল্যায়ন কৌশল ব্যবহার করছে:

- ফরমেটিভ এসেসমেন্টের সাথে স্টেট এসেসমেন্টের ব্যবহার করা
- স্টেট ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি ডাটা ব্যবহার করা (নিউইয়র্ক স্টেট দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজীর কৃতিত্ব পরীক্ষা [NYSESLAT] এবং ইংরেজী ভাষা শিক্ষার্থীদের জন্য নিউইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট [NYSITELL]) ব্যবহার করে দেখা হয় ভাষাগত উন্নয়নের ক্ষেত্রে ইএলএল এর অবস্থান কোথায় এবং কিভাবে তাদের ভাষাগত দক্ষতার জন্য উপযুক্ত ভাষামঞ্চ তৈরী করা যায়।
- অথেনটিক এসেসমেন্ট ব্যবহার করা যা ভাষার সত্যতা ও মূল্যবান পাঠ্যউপাদানের জন্য প্রয়োজন।
- প্রতিবন্ধীদের জন্য ইএলএল এর প্রয়োজন ও প্রগতি পরিমাপের জন্য সঠিক পরিমাপক ব্যবহার করা।
- বিষয়ভিত্তিক জ্ঞান ও ভাষার উন্নয়নের জন্য বিশ্লেষণমূলক বিধান ও ফিডব্যাক ব্যবহার করা।
- যে ক্ষেত্রে হোম ল্যাংগুয়েজ ব্যবহৃত হয় সেখানে বাইল্যাংগুয়াল শিক্ষা কর্মসূচীর প্রবৃদ্ধির জন্য হোম ল্যাংগুয়েজ এসেসমেন্ট ব্যবহার করা।